আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বীমা শাখা

বিষয়: **লাইফ বীমাকারীর উদ্বৃত্ত বন্টন প্রবিধানমালা, ২০২১ প্রণয়ন।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তাবিত "লাইফ বীমাকারীর উদ্বৃত্ত বন্টন প্রবিধানমালা, ২০২১" (প্রবিধানমালা) এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে তা' ১৫(পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট অংশীজন/জনসাধারণের মতামতের জন্য এ বিভাগের ওয়েব সাইটে প্রদর্শণ করা আবশ্যক।

২। এ অবস্থায়, বর্ণিত প্রবিধানমালাটি ওয়েব সাইটে প্রদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

১৭-৮-২০২১

মোঃ জাহিদ হোসেন
উপসচিব
ফোন: 02-223354010
ফ্যাক্স: ৯৫১৩৫০০
ইমেইল:
ds.insurance@fid.gov.bd

উপসচিব
আইসিটি সেল
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

ইউ. ও. নোট নম্বর: ৫৩.০০.০০০০.৪৪১.২২.০০৫.২১.৩৩৫

তারিখ: ২ ভাদ্র ১৪২৮
১৭ আগস্ট ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) অতিরিক্ত সচিব, বীমা, পরিবীক্ষন ও মূল্যায়ন অনুবিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
২) যুগ্মসচিব, বীমা, পরিবীক্ষন ও মূল্যায়ন অনুবিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

১৭-৮-২০২১
মোঃ জাহিদ হোসেন
উপসচিব

**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**
**৩৭/এ দিলকুশা বা/এ**
**ঢাকা-১০০০।**

এস, আর, ও নং --------/২০২১।- বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন) এর ধারা ১৪৮ এবং ধারা ৮২ ও ৮৩ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ-

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।- (১)** এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (লাইফ বীমাকারীর উদ্বৃত্ত বন্টন) প্রবিধানমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা ।- (১)** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়:-

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ আইনের ধারা ২ (১০) এ উল্লিখিত কর্তৃপক্ষ;

(গ) "অংশগ্রহণকারী পলিসি গ্রাহক" অর্থ আইনের ধারা ২ (৪) এ সংজ্ঞায়িত 'অংশগ্রহণকারী পলিসি'-এর গ্রাহক;

(ঘ) "অ-অংশগ্রহণকারী পলিসি গ্রাহক" অর্থ আইনের ধারা ২ (৪) এ সংজ্ঞায়িত 'অংশগ্রহণকারী পলিসি' ব্যতীত অন্যান্য পলিসির গ্রাহক;

(ঙ) "লাইফ ফান্ড" অর্থ আইনের ধারা ৮২ অনুযায়ী গঠিত ফান্ড;

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই প্রবিধানমালায়ও উক্ত অর্থে প্রযোজ্য হইবে।

**৩। লাইফ ফান্ড।-**

(১) আইনের ধারা ৮ অনুসারে নিবন্ধিত একজন লাইফ বীমাকারী তার প্রতিষ্ঠানে অংশগ্রহণকারী (participating) ও অ-অংশগ্রহণকারী (non-participating) পলিসি গ্রাহকগণের জন্য বাধ্যতামূলকভাবে পৃথক "লাইফ ফান্ড" পরিচালনা করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর শর্তাদি পরিপালনে ব্যর্থ হইলে, বীমাকারী কর্তৃক সংরক্ষিত লাইফ ফান্ড কেবল অংশগ্রহণকারী পলিসি গ্রাহকগণের পলিসি বোনাস খাতে ব্যবহার করা যাইবে।

(৩) জীবন বীমা কর্পোরেশনের ক্ষেত্রে বীমা কর্পোরেশন আইন, ২০১৯ (২০১৯ সনের ৮নং আইন) প্রযোজ্য হইবে।

৪। **উদ্বৃত্ত বন্টনের পদ্ধতি ।-** লাইফ বীমাকারী ইহার নিয়োজিত একচ্যুয়ারির সুপারিশক্রমে, বীমা আইন, ২০১০ অনুসারে একচ্যুয়ারিয়াল উদ্বৃত্ত ইহার শেয়ারহোল্ডারগণকে বন্টন বা তাদের জন্য সংরক্ষণ করিতে পারিবে, যাহা-

10 AUG 2021
ড. এম. মোশাররফ হোসেন
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

(ক) অ-অংশগ্রহণকারী (non-participating) পলিসিসমূহের ক্ষেত্রে উদ্বৃত্তের একশত শতাংশ; এবং

(খ) অংশগ্রহণকারী (participating) পলিসিসমূহের ক্ষেত্রে উদ্বৃত্তের অনূর্ধ্ব দশ শতাংশ।

কর্তৃপক্ষের আদেশক্রমে,

১০/০৮/২০২১

ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ